

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moef.gov.bd



নম্বর: ২২.০০.০০০০.০৫২.১৬.০০১.১৯.৫৬৬

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০
২৭ সেপ্টেম্বর ২০২৩

অফিস আদেশ

পুনরাদেশ না দেয়া পর্যন্ত পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ইনোভেশন টিম নিম্নরূপ ভাবে পুনর্গঠন করা হলো:

ইনোভেশন টিম

ক্রম	পদবি	টিমে অবস্থান
১	যুগ্মসচিব (পরিবেশ-২)	সভাপতি/চিফ ইনোভেশন অফিসার
২	উপসচিব (আইন-২ শাখা)	সদস্য
৩	উপসচিব (জলবায়ু পরিবর্তন-২)	সদস্য
৪	উপসচিব (বন-৩ শাখা)	সদস্য
৫	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা)	সদস্য
৬	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (পদুনি-২ শাখা)	সদস্য
৭	সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা	সদস্য
৮	প্রোগ্রামার, আইসিটি শাখা	সদস্য সচিব/ফোকাল পয়েন্ট

কমিটির কার্যপরিধি:


- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রতিটি কর্মসম্পাদন সূচক বাস্তবায়নে সার্বিক দায়িত্ব পালন করবেন;
- স্ব স্ব কার্যালয়ের সেবাদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;
- ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বছরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;
- প্রতি মাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- মন্ত্রণালয় ও আওতাধীন গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন;
- প্রতি বছর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বছরের ইনোভেশন সংক্রান্ত একটি পূর্ণাঙ্গ বার্ষিক প্রতিবেদন প্রণয়ন, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ।
- কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।
- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- সময় সময় এতদসংক্রান্ত অন্যান্য দায়িত্ব পালন;

চিফ ইনোভেশন অফিসারের দায়িত্ব ও কার্যাবলি:

- এ বিভাগের ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান;
- পরিবর্তনের রূপকার হিসেবে স্থায়ী কার্যালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার অভ্যাস ও ক্ষেত্র তৈরি করা;
- আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমের গতিশীলতা সৃষ্টির মাধ্যমে আওতাধীন দপ্তর-সংস্থার কার্যাবলীতে উদ্ভাবনকে অন্তর্ভুক্ত ও উৎসাহিত করা;
- প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিমের সদস্যদের কর্মস্পৃহা বৃদ্ধি এবং উদ্ভাবনী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ;
- নাগরিক সেবা সহজীকরণ (Service Process Simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;
- সকল প্রকার দাপ্তরিক চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিতকরণ;
- স্ব স্ব কার্যালয়ের যাবতীয় তথ্যাবলী সন্নিবেশনপর্বক প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি এবং কার্যালয়ের ওয়েবসাইটে তা নিয়মিত হালনাগাদ নিশ্চিতকরণ এবং অনলাইনে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;
- জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত ICT Action Plan এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;
- স্ব স্ব কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- জাতীয় ই-জিফ (e-GIF: e-Governance Interoperability Framework)-এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শ মানে আনয়ন (Standardization) ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ;

২। গত ২৮ আগস্ট ২০২৩ তারিখের ২২.০০.০০০০.০৫২.১৬.০০১.১৯.৪৭৬ সংখ্যক স্মারকে জারিকৃত আদেশটি এসাথে বাতিল করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



২৭-৯-২০২৩

জেসমিন নাহার

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-৯৫১০০৬৭৩

ফ্যাক্স: ৯৫৪০২১০

ইমেইল: admin2@moe.gov.bd


নম্বর: ২২.০০.০০০০.০৫২.১৬.০০১.১৯.৫৬৬/১(১৯)

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০
২৭ সেপ্টেম্বর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) অতিরিক্ত সচিব (সকল), বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
- ২) যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
- ৩) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৪) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), আইন-২ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

- ৫) উপসচিব, জলবায়ু পরিবর্তন -২ অধিশাখা , পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
- ৬) উপসচিব, বন-৩ অধিশাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
- ৭) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ -২ শাখা , পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
- ৮) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-১ অধিশাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
- ৯) সিস্টেম এনালিস্ট , আইসিটি শাখা , পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০) প্রোগ্রামার, আইসিটি শাখা , পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
- ১১) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা , পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়



২৭-৯-২০২৩

জেসমিন নাহার

সিনিয়র সহকারী সচিব